



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
মৎস্য ভবন, রমনা, ঢাকা  
জরিপ শাখা



www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৫.০৬.০২০.২১.৬

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮

১১ নভেম্বর ২০২১

বিষয়: অধিদপ্তরের বিভিন্ন শাখার চাহিদার প্রেক্ষিতে প্রেরিত তথ্যের গড়মিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরের বিভিন্ন শাখা তাদের বিভিন্ন প্রতিবেদন প্রণয়নের জন্য মাঠ পর্যায় থেকে তথ্য উপাত্ত সংগ্রহ করে থাকে। মৎস্য অধিদপ্তরের বিভিন্ন শাখার চাহিদার প্রেক্ষিতে মাঠ পর্যায় থেকে বিল নার্সারি সংখ্যা, আয়তন ও উৎপাদন; পোনা অবমুক্তকরণের জন্য জলাশয়ের আয়তন ও উৎপাদন; রেনু-পোনা উৎপাদন; মাছ উৎপাদন; পুকুর, বিল, বাওড়, হ্যাচারি, নার্সারি ইত্যাদির সংখ্যা ও আয়তন বিষয়ে প্রতিবেদন প্রেরন করা হয়। কিন্তু প্রায়শ লক্ষ্য করা যায় যে, একই বিষয়ে মৎস্যচাষ/জলমহাল/চিংড়ি/জরিপ শাখায় প্রেরিত প্রতিবেদনে সংখ্যা, আয়তন, উৎপাদন সংক্রান্ত তথ্য ভিন্নতা রয়েছে। এর ফলে পরিকল্পনা প্রণয়ন ও তথ্য প্রদানে বিভিন্ন সমস্যার সৃষ্টি হয় যা মোটেই কাম্য নয়।

এমতাবস্থায় অধিদপ্তরের বিভিন্ন শাখায় প্রেরিত হ্যাচারি, নার্সারি, বিল, হাওড়, বাওড়, প্লাবনভূমি, নদীনালা, পুকুর ইত্যাদির সংখ্যা, আয়তন ও উৎপাদন সংক্রান্ত তথ্য অভিন্ন হওয়া বাঞ্ছনীয়। এ বিষয়ে অধিকতর যত্নবান হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-১১-২০২১

মোহাঃ আতিয়ার রহমান  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

জেলা মৎস্য কর্মকর্তা, (সকল)

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৫.০৬.০২০.২১.৬/১(৩)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮

১১ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক (সকল বিভাগ), মৎস্য অধিদপ্তর (অধীনস্থ দপ্তরসমূহের সঠিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
- ২) মহাপরিচালক এর স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) অফিস কপি।

১১-১১-২০২১

মোহাঃ আতিয়ার রহমান

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা